হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়



ফিরছেন অপু বিশ্বাস -পৃষ্ঠা-৩

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪৬ ঃ মেহেরপুর- রোববার ৩০ নভেম্বর ২০২৫ ইং ঃ ১৫ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ৮ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com






# মেহেরপুরের বিভিন্ন স্থানে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের বিভিন্ন স্থানে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার দিনব্যাপি বিএনপির বিভিন্ন ইউনিটের উদ্যোগে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। আমাদের প্রতিনিধিদের পাঠানো প্রতিবেদন। বাড়াদি : বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় শনিবার বিকালে মেহেরপুরের বারাদি ইউনিয়ন পরিষদ চত্বরে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বারাদি ইউনিয়ন বিএনপির আয়োজনে এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলুর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, আনসারুল হক, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লেয়াকত আলীসহ বারাদি ইউনিয়ন বিএনপি, যুবদল, ছাত্রদল ও অঙ্গ-সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী। দোয়া মাহফিলে বক্তারা বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অসুস্থতায় ভুগছেন। তাঁর আশু রোগমুক্তি ও দীর্ঘায়ু কামনায় দল-মত নির্বিশেষে সকলে বেগম খালেদা জিয়ার রোগমুক্তির জন্য দোয়া প্রার্থনা করেন। শ্যামপুর : জাতীয়তাবাদী দল বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় শ্যামপুর ইউনিয়নে দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে উদ্বোধন হলো সদর উপজেলা গোল্ডকাপ ভলিবল ও কাবাডি প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মাদকের ভয়াল ছোবল থেকে যুবসমাজকে রক্ষা করা এবং স্মার্টফোনের ভার্চুয়াল গেমের আসক্তি দূর করে তরুণদের খেলাধুলায় ফিরিয়ে আনার প্রত্যয় নিয়ে বর্ণিল আয়োজনে উদ্বোধন হয়েছে "মেহেরপুর সদর উপজেলা গোল্ডকাপ ভলিবল ও কাবাডি প্রতিযোগিতা২০২৫"। শনিবার (২৯ নভেম্বর) সকাল ১০টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন, রঙিন বেলুন উড়ানো, ট্রফি উন্মোচন ও আকর্ষণীয় কুচকাওয়াজের মধ্য দিয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম। বক্তারা বলেন, খেলাধুলাই পারে যুবসমাজকে মাদকমুক্ত, সুস্বাস্থ্যবান ও নৈতিক উন্নয়নের পথে এগিয়ে নিতে। স্মার্টফোনের অতিরিক্ত নির্ভরতা ও গেমে ডুবে থাকা তরুণদের শারীরিক-মানসিক ক্ষতির বিষয়টি তুলে ধরে তারা বলেন, "মোবাইলের স্ক্রিন নয়– খেলার মাঠই হোক তরুণদের আড্ডাখানা; মাদক নয়, ঘাম ঝরানোই হোক তাদের নেশা।" প্রতিযোগিতায় সদর উপজেলার ৭টি ইউনিয়ন এবং মেহেরপুর পৌরসভাসহ মোট ৮টি দল ভলিবল ও কাবাডি–এই দুই ইভেন্টে অংশ নিচ্ছে। আয়োজন করেছে উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থা, মেহেরপুর। উদ্বোধনী অনুষ্ঠানে জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ, বিভিন্ন ইউনিয়নের জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের কুচকাওয়াজ,



২-এর পৃষ্ঠা দেখুন



# সড়ক দুর্ঘটনায় মেহেরপুর রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক মিজান আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক ও আনন্দ টেলিভিশনের জেলা প্রতিনিধি মিজানুর রহমান গুরুতর আহত হয়েছেন। গতকাল শনিবার দুপুরে শহরের কলেজ রোড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত মিজানুর রহমান জানান, মেহেরপুর জেনারেল হাসপাতালের সামনে উপজেলা মডেল মসজিদ থেকে জোহরের নামাজ

২-এর পৃষ্ঠা দেখুন

# মুজিবনগরে বিজিবি'র সচেতনতামূলক সভা

নিজস্ব প্রতিবেদক

জেলার মুজিবনগর উপজেলায় আজ সীমান্তে অবৈধ পুশইন, চোরাচালান, নারী ও শিশু পাচার এবং মাদক প্রতিরোধে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) -এর উদ্যোগে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে বিজিবি'র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) -এর আয়োজনে মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এ সভা অনুষ্ঠিত হয়। এ সভায় প্রধান অতিথি ছিলেন বিজিবি'র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) -এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান। সভায় অন্যান্যের মধ্যে

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুরে তাতাশা হজ্ব কাফেলার মতবিনিময় সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে তাতাশা হজ্ব ও ওমরাহ কাফেলার উদ্যোগে সম্মানিত হাজ্বীবৃন্দকে নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার দুপুর ২টায় কাফেলার নিজস্ব কার্যালয়ে এই সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন তাতাশা হজ্ব ও ওমরাহ কাফেলার ব্যবস্থাপনা পরিচালক ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর এ আর বি কলেজের শিক্ষক হেলাল উদ্দিন। অনুষ্ঠানে অতিথি হিসেবে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে ছাদ থেকে পড়ে মোটরসাইকেল মেকানিকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে নিজ বাড়ির ছাদ থেকে পড়ে মোহাম্মদ পিন্টু (৫০) নামের এক মোটরসাইকেল মেকানিকের মৃত্যু হয়েছে। গত শুক্রবার সকালে দুর্ঘটনা ঘটে, এবং গুরুতর আহত অবস্থায় তিনি শনিবার ভোর রাতে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা যান। নিহত পিন্টু স্থানীয় মোটর পার্টস ব্যবসায়ী ও মেকানিক সমিতির সভাপতি ছিলেন। তিনি স্ত্রী ও দুই কন্যা সন্তান রেখে গেছেন। তার আকস্মিক মৃত্যুর খবর এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।




# গাংনীতে শিক্ষাব্যবস্থা উন্নয়নে মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ গাংনী আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য প্রার্থী মোঃ আমজাদ হোসেন শনিবার গাংনী মহিলা ডিগ্রী কলেজের হলরুমে আয়োজিত মতবিনিময় সভা ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন। তিনি বলেন, শিক্ষার ক্ষেত্রে উন্নত দেশের পাঠ্যক্রম ও শিক্ষাব্যবস্থা অনুসরণ

২-এর পৃষ্ঠা দেখুন




# নারী ও শিশু নির্যাতন ও যৌতুক প্রতিরোধে ইমামদের ভূমিকা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে গতকাল শনিবার মিলনায়তনে "নারী ও শিশু নির্যাতন, মানব পাচার ও যৌতুক প্রতিরোধে ইমামগণের ভূমিকা" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মনিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর। সভায় স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান এবং মাস্টার ট্রেইনার আব্দুল হামিদ। জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর ইমামদের নারীর ও শিশুর প্রতি সহিংসতা, মানব পাচার ও যৌতুক প্রতিরোধে অগ্রণী ভূমিকা রাখার আহ্বান জানান।



# দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার বর্ষপূর্তি উদযাপন

নিজস্ব প্রতিবেদক

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১১তম বর্ষপূর্তি উপলক্ষে শনিবার সন্ধ্যা সাড়ে ৬টায় মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে কেক কাটা ও আলোচনা সভার মাধ্যমে আনন্দঘন পরিবেশে অনুষ্ঠান উদযাপিত হয়। পত্রিকার জেলা প্রতিনিধি এস এ খান শিল্টুর উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে সাংবাদিক আবু আক্তার করণের সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন। প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সদর থানার ওসি (অপারেশন) জাহাঙ্গীর আলম সেলিম, সম্মিলিত পেশাজীবী

২-এর পৃষ্ঠা দেখুন



# দৌলতপুর সীমান্তে যুবককে পায়ের রগ কেটে হত্যা

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্ত এলাকায় জনি ইসলাম (৩৫) নামে এক যুবককে পায়ের রগ কেটে হত্যা করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। গতকাল শনিবার (২৯ নভেম্বর) দুপুরে প্রাগপুর ইউনিয়নের মহিষকুন্ডি মাঠপাড়া এলাকার একটি গোরস্তানের পাশে তার লাশ উদ্ধার করা হয়। নিহত জনি ওই ইউনিয়নের মহিষকুন্ডি জামালপুর গ্রামের মৃত জাকির হোসেনের ছেলে। স্থানীয়রা জানিয়েছেন, বেলা দেড়টার দিকে প্রতিপক্ষের লোকজন জনি ইসলামকে একা পেয়ে ধারালো অস্ত্র দিয়ে তার দুই পায়ের রগ কেটে দেয়। এতে ঘটনাস্থলেই তিনি মারা যান।

২-এর পৃষ্ঠা দেখুন

# চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের গুলিতে যুবক নিহত

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার গয়েশপুর সীমান্তে শনিবার বিকেল ৪টার দিকে ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) এর গুলিতে শহিদুল ইসলাম (৩৭) নামে এক যুবক নিহত হয়েছেন। তিনি গয়েশপুর গ্রামের নস্কর আলীর ছেলে। স্থানীয় সূত্র জানায়, শহিদুল ইসলামসহ ৫-৬ জন বাংলাদেশি সীমান্তের ৭০ নম্বর মেইন পিলারের কাছে ভারত প্রবেশের চেষ্টা করছিল। এ সময় বিএসএফ গুলি চালালে শহিদুল গুলিবিদ্ধ হয়ে নিহত হন, বাকিরা পালিয়ে বাংলাদেশে ফিরে

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর ঃ(অবৈধ বালু উত্তোলনে সড়কে ভাঙ্গন)

খাল কেটে আনলি কুমির
রাস্তা করলি গর্ত
পুকুর কাটতে তুললি বালি
ছিলনা এমন শর্ত।
রাস্তা পুরা গেছে ঢশে
যাতায়াত হল বন্ধ
এখন তোরে ধরলে ঠেসে
বলবে লোকে মন্দ।
ঝুঁকি নিয়ে চলছে মানুষ
পাশে বাঁশের বেড়া
পা ফোসকে কে পড়লে নিচে
জীবনটাই হবে সারা।
বালি তুলতে কাটলো পুকুর
আনো তাকে ডেকে
আইনের কলে পেড়ে তাকে
পাঠাতে হবে জেলে।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন | ইন্টিগ্রেটেড ভার্সন | আবাসিক
নূরানী আরবি শিক্ষা | সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি | ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ১৫ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ৩০ নভেম্বর ২০২৫ইং

## ঝিনাইদহে ব্যবসায়ীকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহে মুরাদ হোসেন (৩৮) নামের এক ব্যবসায়ীকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করা হয়েছে। শনিবার (২৯ নভেম্বর) দুপুর ২টার দিকে শহরতলীর পবহাটি সিটি মোড় এলাকায় এ হত্যাকাণ্ড ঘটে। নিহত মুরাদ পবহাটি মণ্ডলপাড়া এলাকার মৃত আফজাল হোসেনের ছেলে।
স্থানীয়রা জানায়, নিহতের বাবা আফজাল হোসেনের কুলখানি নিয়ে মুরাদের চাচাতো ভাই আলম মণ্ডলের সঙ্গে পূর্বে বাগবিতণ্ডা ও হাতাহাতি হয়েছিল। শনিবার দুপুরে মুরাদ সিটি মোড়ে বসে ছিলেন, এ সময় আলম মণ্ডলের ছেলে সৌরভ দেশি অস্ত্রসহ

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাম ৯ দলের নতুন জোট ‘গণতান্ত্রিক যুক্তফ্রন্ট’ গঠনের ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

বাম প্রগতিশীল গণতান্ত্রিক ৯টি দল নিয়ে ‘গণতান্ত্রিক যুক্তফ্রন্ট’ নামে নতুন বৃহত্তর জোট গঠনের ঘোষণা দেওয়া হয়েছে। জোটটি আন্দোলন থেকে শুরু করে আগামী জাতীয় সংসদ নির্বাচন পর্যন্ত সবকিছুতেই যৌথভাবে অংশ নেওয়ার সিদ্ধান্ত জানিয়েছে। শনিবার রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বামপন্থিদের জাতীয় কনভেনশন থেকে এ ঘোষণা আসে। বাম গণতান্ত্রিক জোট ও বাংলাদেশ জাসদ যৌথভাবে আয়োজন করে এ কনভেনশন। সকাল থেকেই শুরু হওয়া এই সম্মেলনে অংশ নিয়ে নেতারা বাম রাজনীতির নতুন সমন্বিত শক্তি হিসেবে গণতান্ত্রিক যুক্তফ্রন্টের প্রয়োজনীয়তা তুলে ধরেন। নতুন জোটে এখন পর্যন্ত সম্মতি দিয়েছে ৯টি দল। এর মধ্যে বাম গণতান্ত্রিক জোটের ছয় শরিক– বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ, গণতান্ত্রিক বিপ্লবী পার্টি, বাংলাদেশের বিপ্লবী কমিউনিস্ট লীগ, বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলন, বাসদ (মার্কসবাদী), এ ছাড়া শরীফ নূরুল আম্বিয়ার নেতৃত্বাধীন বাংলাদেশ জাসদ এবং প্রয়াত বাম নেতা পংকজ ভট্টাচার্য প্রতিষ্ঠিত ঐক্য ন্যাপ জোটে যুক্ত হচ্ছে। ফ্যাসিবাদবিরোধী বাম মোর্চার চার দলের মধ্যে বাসদ (মাহবুব) ইতোমধ্যে সম্মতি জানিয়েছে। গণমুক্তি ইউনিয়নও কনভেনশনে যোগ দিচ্ছে। বাকি দুটি দল–বাংলাদেশের সাম্যবাদী আন্দোলন ও নয়া গণতান্ত্রিক গণমোর্চা–পরে জোটে যুক্ত হবে বলে জানানো হয়। কনভেনশনের খসড়া ঘোষণাপত্র পাঠ করেন সিপিবির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ কাফী রতন। এতে বলা হয়, দেশের রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় জনগণ উপলব্ধি করতে শুরু করেছে–সুখ, শান্তি, নিরাপত্তা ও প্রগতিমুখী ভবিষ্যৎ নিশ্চিত করতে হলে গণতান্ত্রিক-প্রগতিশীল ধারার সরকার প্রতিষ্ঠা জরুরি। সেই লক্ষ্যেই বিভিন্ন বাম, প্রগতিশীল, গণতান্ত্রিক শক্তির সমন্বয়ে ‘জনগণের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ৯ মাত্রার ভয়াবহ ভূমিকম্পের আশঙ্কা: দেশি বিদেশি বিশেষজ্ঞদের গভীর উদ্বেগ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশসহ গঙ্গাব্রহ্মপুত্র অববাহিকায় ৯ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের ঝুঁকি রয়েছে বলে সতর্ক করেছেন দেশিবিদেশি ভূমিকম্প বিশেষজ্ঞরা। সাবডাকশন জোনে সঞ্চিত শক্তি গত এক সহস্রাব্দে মুক্ত না হওয়ায় ভবিষ্যতে বড় ধরনের ভূমিকম্প ঘটার সম্ভাবনা অত্যন্ত বেশি বলে তারা উল্লেখ করেন। শনিবার (২৯ নভেম্বর) রাজধানীর ওয়েস্টিন হোটেলে ‘আর্থকুয়েক অ্যাওয়ারনেস, সেফটি প্রটোকল অ্যান্ড ইমার্জেন্সি প্রিপারেডনেস’ শীর্ষক সেমিনারে এই আশঙ্কা তুলে ধরা হয়। সেমিনার আয়োজন করে জেসিএক্স ডেভেলপমেন্টস

৩-এর পৃষ্ঠা দেখুন

### জীবন ধারা



## পেঁয়াজ-রসুন খেলে ক্যানসারের ঝুঁকি কমে

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের বেশিরভাগ রান্নায় পেঁয়াজ ও রসুনের গুরুত্ব অপরিসীম। কারণ পেঁয়াজ ও রসুন ছাড়া রান্না করার কল্পনাই করা যায় না। এটি শুধু খাবারের স্বাদ বাড়ানোর জন্যই নয়, পেঁয়াজ ও রসুন শরীরের জন্যও নানা উপকার করে থাকে। তাই অনেকেই ভাতের সঙ্গে কাঁচা পেঁয়াজ খেতেও ভালোবাসেন। আবার চাটনি-আচারেও নিয়মিত কাঁচা রসুন ব্যবহার করে থাকেন। আর এই পেঁয়াজ ও রসুনের মাধ্যমে আপনার শরীরে ক্যানসারের ঝুঁকিও কমাতে পারে। আর রসুনের উপকার পেতে সঠিকভাবে খাওয়াটাও গুরুত্বপূর্ণ। কারণ রসুনের কোয়া কেটে বা থেঁতলে সঙ্গে সঙ্গে রান্না করলে অ্যালিসিন পুরোপুরি সক্রিয় হয় না। তাই রসুন কাটার পর কিংবা থেঁতলে পরে অন্তত ১০ মিনিট রেখে দিলে ভেতরের অ্যালিসিন সক্রিয় হয় এবং তখন খেলে ভালো উপকার পাওয়া যায়। এককথায়, পেঁয়াজ ও রসুন খাওয়া মোটেও খারাপ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে দ্বিতীয় তাফসীর কুরআন মাহ-ফিল অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর কোমরপুর আমিনা বাইতুল মাদরাসা এর উদ্যোগে শনিবার (২৯ নভেম্বর ২০২৫) রাতে দ্বিতীয় তাফসীর কুরআন মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মাহফিল আয়োজনে সহযোগিতা করেছে মাদ্রাসা পরিচালনা পর্ষদ ও স্থানীয় গ্রামবাসী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মাদ্রাসার পরিচালক হাজী মোঃ আমান উল্লাহ-বেলু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুফতী হাফিজুর রহমান মেহেরপুরী। প্রধান বক্তা ছিলেন হাফেজ মাওঃ উবাইদুল্লাহ মাযহারী (কুমিল্লা) এবং দ্বিতীয় বক্তা হযরত মাওঃ মুফতী আঃ কাবির ফিরোজী (ঢাকা)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুফতী জাহিদুল ইসলাম (কুষ্টিয়া)। মাহফিলে ১৬ জন হিফজ সমাপনী ছাত্রকে পাগড়ী প্রদান করা হয়।

## খেলাপি ঋণ সংকট কাটিয়ে উঠতে ১০ বছর লাগতে পারে: বাংলাদেশ ব্যাংকের গভর্নর

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের ব্যাংক খাত দীর্ঘদিনের অনিয়ম, দুর্বল ব্যবস্থাপনা ও নজরদারির ঘাটতির কারণে সৃষ্ট খেলাপি ঋণের গুরুতর সংকট কাটিয়ে উঠতে অন্তত ৫ থেকে ১০ বছর সময় লাগবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। শনিবার (২৯ নভেম্বর) রাজধানীর সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত ‘বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলন-২০২৫ এর উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে গভর্নর এ সতর্কবার্তা দেন। গভর্নর বলেন, ব্যাংক খাতের মোট ঋণের এক-তৃতীয়াংশেরও বেশি এখন খেলাপি, যা কোনওভাবেই ছোটখাটো সমস্যা নয়। “বাকি দুই-তৃতীয়াংশ সুস্থ ঋণের ওপর নির্ভর করেই পুরো ব্যাংকিং ব্যবস্থা টিকে আছে। ফলে আর্থিক খাত প্রত্যেক মুহূর্তে

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিদেশ নেওয়ার মতো অবস্থায় নেই খালেদা জিয়া: বিএনপি মহাসচিব

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থা এ মুহূর্তে বিদেশে নেওয়ার মতো স্থিতিশীল নয় বলে জানিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার বিকেলে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি খালেদা জিয়ার সর্বশেষ শারীরিক অবস্থা তুলে ধরেন। মির্জা ফখরুল বলেন, খালেদা জিয়া দীর্ঘদিন ধরে বিভিন্ন জটিল রোগে ভুগছেন এবং বর্তমানে ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন আছেন। “তার শারীরিক অবস্থা কিছুটা সংকটাপন্ন। দেশের বিশেষজ্ঞ চিকিৎসকদের পাশাপাশি যুক্তরাষ্ট্রের জন হপকিন্স ও লন্ডনের বিশেষজ্ঞ চিকিৎসকরাও ভিডিও কনসালটেশনের মাধ্যমে চিকিৎসা দিচ্ছেন,” জানান তিনি। তিনি আরও বলেন, শুক্রবার রাতে গঠিত মেডিকেল বোর্ড দুই ঘণ্টাধিক সময় ধরে রোগীর অবস্থার

৩-এর পৃষ্ঠা দেখুন

## লুটপাট ও ব্যাংক ডাকাতদের শাস্তি দিতে হবে: বিএনপি মহাসচিব

সূর্যোদয় প্রতিবেদন

গত ১৫ বছরে যারা লুটপাট, চুরি এবং ব্যাংক ডাকাতির সঙ্গে জড়িত ছিলেন, তাদের শনাক্ত করে আইনের মুখোমুখি করার দাবি জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তাঁর মতে, দেশের অর্থনৈতিক সংকট মোকাবিলায় দায়ীদের শাস্তি নিশ্চিত করাই হলো সঠিক দিকের প্রথম পদক্ষেপ। শনিবার (২৯ নভেম্বর) দুপুরে রাজধানীর একটি হোটেলে আয়োজিত ‘চতুর্থ বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলন-২০২৫’-এ বক্তব্য দিতে গিয়ে বিএনপি মহাসচিব এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, “লুটপাটকারীদের কারণে শিল্প-কারখানা বন্ধ হয়ে ১৪ লাখ মানুষ বেকার হয়ে পড়েছেন। এই মানুষের ভবিষ্যৎ কী? বেকারত্ব সৃষ্টি করে উন্নয়ন সম্ভব নয়। বরং বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলো পুনরায় চালু করে কর্মসংস্থান সৃষ্টি

৩-এর পৃষ্ঠা দেখুন



## ডিসেম্বরে দ্বিতীয় সপ্তাহেই নির্বাচনের তপশিল: আশা সিইসির

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তপশিল ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহেই ঘোষণা করা হবে বলে আশা প্রকাশ করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএম এম নাসির উদ্দিন। শনিবার সকালে রাজধানীর শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ‘মক ভোটিং’ কার্যক্রম পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপে তিনি এ তথ্য জানান। সিইসি বলেন, গণভোটকে ঘিরে এখনও ব্যাপক প্রচারণা শুরু হয়নি। তবে সরকার ও নির্বাচন কমিশন যৌথভাবে গণভোট সম্পর্কে দেশব্যাপী প্রচারকর্ম চালাবে। সে অনুযায়ী প্রস্তুতিও এগিয়ে চলছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তিনি বলেন, দেশের আইনশৃঙ্খলা কখনোই খুব ভালো পর্যায়ে ছিল না। তবে বর্তমান পরিস্থিতি আগের তুলনায় অনেক উন্নত হয়েছে। পুলিশ, আনসার, বিজিবি, র‍্যাব ও

৩-এর পৃষ্ঠা দেখুন





## বিপিএল নিলাম থেকে বাদ বিজয়-মোসাদ্দেকসহ ৯ ক্রিকেটার

সূর্যোদয় প্রতিবেদন

রবিবার (৩০ নভেম্বর) বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) নতুন আসরের নিলাম অনুষ্ঠানের ঠিক একদিন আগে খেলোয়াড় তালিকায় বড় পরিবর্তন এনেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। ফিক্সিং বা অনৈতিক কর্মকাণ্ডের সন্দেহে জাতীয় দলের অভিজ্ঞ দুই ক্রিকেটার

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রে সব ধরনের আশ্রয় আবেদন সাময়িক স্থগিত করল ট্রাম্প প্রশাসন

সূর্যোদয় প্রতিবেদন

ওয়াশিংটন ডিসিতে দুই ন্যাশনাল গার্ড সদস্যকে গুলি করার ঘটনার পর যুক্তরাষ্ট্রে সব ধরনের ‘আশ্রয় আবেদন’ স্থগিতের ঘোষণা দিয়েছে ট্রাম্প প্রশাসন। এতে নতুন করে কোনো আশ্রয় আবেদন অনুমোদন, বাতিল বা নিষ্পত্তি করা হবে না বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের

৩-এর পৃষ্ঠা দেখুন



## যে কারণে শেখ হাসিনাকে ফেরত দেবে না ভারত

সূর্যোদয় প্রতিবেদন

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রত্যর্পণের জন্য ভারতের কাছে নোট ভার্বাল পাঠিয়েছে বাংলাদেশ সরকার। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল১ গত ১৭ নভেম্বর ২০২৪ সালের ছাত্র আন্দোলনে দমনুপীড়নের সময় প্রায় ১,৪০০ মানুষের মৃত্যুর দায়ে শেখ হাসিনা ও

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
👉 একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
📍 ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
☎ যোগাযোগ: 01718 552784, 01673 980044

### প্রযুক্তি

## ইউটিউব ব্যবহারকারীদের জন্য দারুণ সুখবর

সূর্যোদয় প্রতিবেদন

ইউটিউবে পছন্দের ভিডিও খুঁজে পেতে অনেক ব্যবহারকারীকেই সমস্যায় পড়তে হয়। অ্যালগরিদমনির্ভর রেকমেন্ডেশন বেশি সময়েই লক্ষ্যভ্রষ্ট হয়। এর ফলে হোম ফিড নানা অনাকাঙ্ক্ষিত কনটেন্টে ভরে ওঠে। দীর্ঘদিনের এসব অভিযোগ এবার গুরুত্বের সঙ্গে নিয়েছে ইউটিউব। পরীক্ষামূলকভাবে ‘ইউর কাস্টম ফিড’ নামে একটি ফিচার চালু করা হয়েছে। ফিচারটি ব্যবহারকারীদের নিজেদের ফিড নিজেদের মতো করে সাজানোর সুযোগ দেবে বলে জানা গেছে। ইউটিউব বলছে, বহু ব্যবহারকারী জানিয়েছেন যে প্ল্যাটফরম মাঝে মাঝে তাদের দেখার ধরন ভুলভাবে ব্যাখ্যা করে। যেমন- কয়েকটি শিশুতোষ বা




ডিজনি ঘরানার ভিডিও দেখলেই ধরে নেওয়া হয় ব্যবহারকারী নিয়মিত এই ধরনের কনটেন্ট দেখতে চান। এরপর পুরো হোম ফিড সেই ভিডিওতে ভরে যায়। যা

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
📍 মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
📞 সিরিয়ালের জন্য যোগাযোগ: 📍 রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
📍 মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ 📍 বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
📞 সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুষ্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ৩০ নভেম্বর ২০২৫ ইং

## আইনের প্রতি প্রকাশ্য অবজ্ঞা ও ভয়ংকর দৃষ্টান্ত

মেহেরপুর শহরের কদমতলা মোড়ের ঘটনা আমাদের প্রশাসনিক দুর্বলতা, রাজনৈতিক পৃষ্ঠপোষকতা ও আইনের প্রতি অবজ্ঞার এক নগ্ন চিত্র তুলে ধরে। সরকারি রাস্তা দখল করে পাকা স্থাপনা নির্মাণের মতো প্রকাশ্য বেআইনি কাজকে বাধা দেওয়ায় একজন সাংবাদিক ও একজন সাধারণ নাগরিক লাঞ্ছিত, হুমকিপ্রাপ্ত এবং হামলার শিকার হবেন–এ বাস্তবতা শুধু উদ্বেগজনকই নয়, চরম লজ্জাজনকও। সাংবাদিকের ওপর হামলা এবং মোবাইল ছিনিয়ে নেওয়ার ঘটনা গণমাধ্যমের স্বাধীনতার ওপর সরাসরি আঘাত। সংবাদ সংগ্রহ করা সাংবাদিকের সাংবিধানিক অধিকার। সেই অধিকার প্রয়োগ করতে গিয়ে যদি তাকে হয়রানি, হুমকি কিংবা হামলার শিকার হতে হয়, তবে প্রশ্ন জাগে–আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কোথায়? প্রশাসন কি অন্ধ, নাকি নীরব সমর্থন দিচ্ছে? এ ঘটনার আরও বেদনাবিধুর দিক হলো–সাংবাদিককে রক্ষা করা সাধারণ মানুষ সুন্নত আলীকে পরে হামলা ও ভাঙচুরের শিকার হতে হয়েছে। অর্থাৎ অপরাধীরা শুধু সাংবাদিক নয়, সাক্ষীকেও শাস্তির বার্তা দিতে চেয়েছে। এটি ভয়াবহ প্রবণতা এবং ন্যায়বিচার ব্যবস্থার জন্য হুমকি। সরকারি রাস্তা দখল করে স্থাপনা নির্মাণ কোনোভাবেই আইনি বা নৈতিক নয়। এমনকি যদি কারও রাজনৈতিক পরিচয় বা প্রভাব থাকে, তবুও রাষ্ট্রীয় সম্পত্তি দখলে তার অধিকার নেই। কিন্তু এখানে দেখা যাচ্ছে–ক্ষমতাচ্যুত সাবেক মন্ত্রীর ব্যক্তিগত সহকারীর কাজের বিরুদ্ধে কথা বলায় স্থানীয় প্রভাবশালীরা প্রকাশ্যে হামলার সাহস পাচ্ছেন। এটি প্রমাণ করে, ক্ষমতার অপব্যবহার আমাদের সমাজে কতটা গভীরভাবে প্রোথিত। আইনশৃঙ্খলা বাহিনী ও প্রশাসনের জন্য এটি একটি পরীক্ষা। অপরাধীদের রক্ষা করা বা উপেক্ষা করার প্রবণতা এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটাবে। সাংবাদিক বা সাধারণ জনগণ যদি নিরাপত্তাহীনতায় ভোগে, তাহলে রাষ্ট্র পরিচালনার ভিত্তিই দুর্বল হয়ে পড়ে। আমাদের দাবি– হামলাকারী সকল ব্যক্তিকে আইন অনুযায়ী দ্রুত গ্রেপ্তার করতে হবে। সাংবাদিকের ওপর হামলা ও মোবাইল ছিনতাইয়ের ঘটনায় পৃথক মামলা ও তদন্ত নিশ্চিত করতে হবে। সরকারি রাস্তা দখল করে স্থাপনা নির্মাণের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। সাক্ষী নিরাপত্তা নিশ্চিত করতে হবে, যাতে সাধারণ মানুষ ন্যায়বিচারে অংশ নিতে ভয় না পায়। গণমাধ্যমের স্বাধীনতা ও নাগরিক নিরাপত্তা একটি সভ্য রাষ্ট্রের ভিত্তি। মেহেরপুরের এই ঘটনা যদি কঠোরভাবে মোকাবিলা না করা হয়, তবে এর দায় রাষ্ট্রকেই নিতে হবে

## মেহেরপুরে উদ্বোধন হলো সদর

(প্রথম পৃষ্টার পর)

দর্শকদের উচ্ছ্বাস ও খেলোয়াড়দের অংশগ্রহণে স্টেডিয়ামজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ। বক্তারা আশা প্রকাশ করেন, এ ধরনের নিয়মিত ক্রীড়া আয়োজন যুবসমাজকে মাদকের ছোবল থেকে রক্ষা করে সুস্থ জীবন ও সুন্দর ভবিষ্যৎ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অনুষ্ঠিত গোল্ডকাপ ভলিবল প্রতিযোগিতায় বারাদি, কুতুবপুর, পিরোজপুর ও বুড়িপোতা ইউনিয়ন একাদশ সেমিফাইনালে উঠেছে। মেহেরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বারাদি ১৫-৫, ১৫-১১ পয়েন্টে আমঝুপি, কুতুবপুর ১৫-১০, ১৩-১৫, ১৫-১১ পয়েন্টে আমদাহ, পিরোজপুর ১৫-৪, ১৬-১৪ পয়েন্টে মেহেরপুর পৌর এবং বুড়িপোতা ১৫-৩, ১৫-৫ পয়েন্টে শ্যামপুর ইউনিয়নকে পরাজিত করে।

## মেহেরপুরের বিভিন্ন স্থানে বিএনপি

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির সাধারণ সম্পাদক জননেতা অ্যাডভোকেট কামরুল হাসান, সহ সিনিয়র নেতৃবৃন্দ ও নেতাকর্মীরা। বাংলাদেশ কলেজ শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতি গাংনী : বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় শনিবার দুপুরে গাংনী মহিলা কলেজ মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির গাংনী উপজেলা শাখার উদ্যোগে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। বাংলাদেশ কলেজ শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি ও গাংনী মহিলা কলেজের শিক্ষক বেদারুল ইলামের সভাপতিত্বে দোয়া মাহফিলে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবু সায়েম পল্টুর সঞ্চালনায় এসময় আরও বক্তব্য রাখেন- করমদি ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড. এমদাদুল হক, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ মো. নাসিরুদ্দিন, গাংনী পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোস্তাফিজুর রহমান বাবলু প্রমুখ। এ সময় গাংনী উপজেলার বিভিন্ন কলেজের শিক্ষকবৃন্দ ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। বামুন্দি : মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় গতকাল শনিবার বিকেল দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বামন্দী সবজি হাটে গাংনী উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে অনুষ্ঠিত দোয়া মাহফিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু। তিনি বলেন, “বেগম খালেদা জিয়া শুধু বিএনপির নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক। তাঁর অসুস্থতা আমাদের জন্য গভীর উদ্বেগের। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি যেন তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন।” এতে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। তারা একসঙ্গে হাত ধরে মোনাজাতে অংশগ্রহণ করেন।

গাড়াবাড়িয়া :শনিবার বিকেলে কাথুলী ইউনিয়ন বিএনপির উদ্যোগে গাড়াবাড়িয়া বাজারে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন মাওলানা তৌফিক এলাহী। বক্তারা বলেন, “বেগম খালেদা জিয়া এভারকেয়ার হাসপাতালে গুরুতর অসুস্থ ও সংকটাপন্ন অবস্থায় নিবিড় পরিচর্যায় চিকিৎসাধীন। আমরা আল্লাহর কাছে তাঁর দ্রুত সুস্থতা কামনা করছি।” মাহফিলে কাথুলী ইউনিয়ন ও গাংনী উপজেলার বিএনপির বিভিন্ন নেতৃবৃন্দসহ ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতারা উপস্থিত ছিলেন। ধানখোলা : গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে শনিবার আছরের নামাজের পর বিএনপি নেতা ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ধানখোলা ইউনিয়ন (খ) শাখা বিএনপির উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে সাবেক এমপি ও বিএনপি মনোনীত প্রার্থী আমজাদ হোসেন দোয়ার আহ্বান করেন। দোয়া মাহফিলে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধানখোলা ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মোহাম্মদ নূর ইসলাম। বিএনপি নেতা রাশিদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন শফিউর রহমান (টমা) ও মোঃ শহিদুল ইসলাম। অনুষ্ঠানে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। দোয়া মাহফিলে বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা, দীর্ঘায়ু এবং দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য বিশেষ মোনাজাত করা হয়।


## সড়ক দুর্ঘটনায় মেহেরপুর রিপোর্টাস

(প্রথম পৃষ্টার পর)

শেষে বাড়ি ফেরার সময় তাঁর মোটরসাইকেলের সামনে একটি কুকুর চলে আসে। নিয়ন্ত্রণ হারিয়ে তিনি সড়কে পড়ে যান। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর উন্নত চিকিৎসার জন্য তাঁকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেছেন। চিকিৎসকরা জানিয়েছেন, মিজানুর রহমানের মেরুদণ্ডের হাড় ফেটে গেছে এবং তাঁর অবস্থা গুরুতর।

## ফায়ার সার্ভিসে নারী: ঝুঁকিপূর্ণ পেশায় নতুন দৃষ্টান্ত

লাবীবা আরজুমান্দ



বাংলাদেশের ফায়ার সার্ভিসে নারীদের অন্তর্ভুক্তি দেশের ইতিহাসে সূচনা করেছে এক নতুন যুগের। দীর্ঘ সময় ধরে শুধু পুরুষদের জন্য উন্মুক্ত এই পেশায় প্রথমবারের মতো ১৫ জন নারীকে নির্বাচিত করা হয়। কঠোর পরীক্ষা ও শারীরিক যাচাই সহ পুরুষ সহকর্মীদের সঙ্গে একসাথে সাত মাসের তীব্র অনুশীলন পর্ব পার করে তারা ফায়ার সার্ভিসে যোগদান করেন। যা শুধুমাত্র তাদেরকে অগ্নিনির্বাপক দক্ষতাই নয় বরং প্রস্তুত করছে শারীরিক ও মানসিক সক্ষমতা, উদ্ধার কাজ এবং সার্বিক বিপর্যয় মোকাবেলার জন্য। বিগত দশকে বাংলাদেশের ইউনিফর্মড সার্ভিসে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পেলেও ফায়ার সার্ভিসে অনুপস্থিতি থেকেই যায়। তবে সম্প্রতি শুরু হওয়া এই উদ্যোগে প্রথমবারের মতো নারীদের অন্তর্ভুক্তি ফায়ার সার্ভিসকে আরও সক্ষম করে তুলবে হবে বলে আশা করা হচ্ছে। ফলে ভবিষ্যতে আরও নারীদের নিয়োগের পরিকল্পনাও রয়েছে। নারী ফায়ারফাইটারদের বেশিরভাগ অংশ এমন অঞ্চলের যেখানে আগুন বা শিল্প দুর্ঘটনার ফলে শ্রমিকদের জীবন প্রতিনিয়তই ঝুঁকিতে থাকে যার অধিকাংশেরই শিকার হন নারীরা। এ ধরনের পরিস্থিতিতে নারীদের পক্ষ থেকে উদ্ধার কার্যক্রমে সহায়তা প্রদান বিশেষ গুরুত্বপূর্ণ। নারী ফায়ারফাইটাররা শুধুমাত্র অগ্নিনির্বাপক হিসেবে নয়, উদ্ধারকর্মী হিসেবেও নিজেদের যোগ্যতা প্রমাণ করছে। নির্বাচিত নারীরা সামাজিক কাজে আগ্রহী এবং মানুষের কল্যাণে নিজেকে উৎসর্গ করার মনোভাব নিয়ে এই পেশায় যুক্ত হয়েছে। অনেকেই এমন পরিবারে বড় হয়েছে, যেখানে সমাজসেবা এবং দুর্যোগ মোকাবেলায় সক্রিয়তা ছিল নিত্যদিনের অভ্যাস। এই পেশায় প্রবেশ তাদের জন্য শুধুমাত্র ক্যারিয়ার নয়, বরং দেশের মানুষের পাশে দাঁড়ানোর একটি সুযোগ। ফায়ার সার্ভিসে নারীদের এই যোগদান পুরুষ-প্রধান কর্মপরিবেশে এনেছে বৈচিত্র্য এবং ফায়ার সার্ভিসের মান বাড়াতে রেখেছে অনস্বীকার্য অবদান। শারীরিক চ্যালেঞ্জ, সামাজিক বিরোধ এবং প্রশিক্ষণের তীব্রতা সত্ত্বেও এই নারী ফায়ারফাইটাররা দৃঢ় প্রত্যয়ে কাজ করে চলেছে। যার মাধ্যমে তারা সমাজে নারী ক্ষমতায়নের এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে, যেখানে নারীরা ঝুঁকিপূর্ণ পেশায় পুরুষদের সঙ্গে সমানভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে সক্ষম। এই অর্জন শুধু নারী কর্মীদের জন্য নয় বরং পুরো জাতির জন্য একটি গুরুত্বপূর্ণ উদাহরণ। এটি প্রমাণ করে যে, যদি নির্ধারিত লক্ষ্য থাকে এবং দৃঢ় প্রতিজ্ঞা থাকে তবে বৈষম্য বা সামাজিক রীতিনীতি কখনো বাধা হয়ে দাঁড়াতে পারবে না। এভাবেই আজ বাংলাদেশে নারী ফায়ারফাইটাররা এক যুগান্তকারী পরিবর্তনের প্রতীক হিসেবে দৃষ্টান্ত স্থাপন করেছে, যেখানে সাহস, প্রশিক্ষণ এবং সেবার একত্রিত শক্তি নতুন প্রজন্মের জন্য পথপ্রদর্শক হয়ে উঠেছে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## ইসলাম ও নারী–ঘরবন্দিত্বের ভুল ব্যাখ্যা ভাঙার সময় এখন

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের সমাজে বহুল প্রচলিত একটি ধারণা–“ইসলাম নারীকে ঘরবন্দি থাকতে বলে।” কিন্তু প্রশ্ন হলো, এই দাবির ভিত্তি কোথায়? ধর্মের নির্দেশনা, নাকি সংস্কৃতির তৈরি ভুল ব্যাখ্যা? আমরা যখন কুরআন ও সহিহ হাদিস খুলে দেখি, তখন ভিন্ন চিত্র পাই। নবী করিম (স)এর যুগে নারীরা বাজারে যেতেন, শিক্ষাগ্রহণ করতেন, ইলম শেখাতে অংশ নিতেন, যুদ্ধক্ষেত্রে সেবাদান করতেন, এমনকি ব্যবসা পরিচালনাও করতেন। যদি ইসলাম নারীর বাইরে বের হওয়া নিষিদ্ধ করত, তবে এইসব কর্মকাণ্ড কখনই বৈধ হতো না। হাদিসে স্পষ্ট নির্দেশ আছে– “আল্লাহর বান্দাদের আল্লাহর মসজিদে যেতে বাধা দিও না।” (সহিহ মুসলিম) এই বাণী নারীদের স্বাধীন ধর্মীয় উপস্থিতিকে স্বীকৃতি দেয়। যে আয়াতকে অনেক সময় ভুল ব্যাখ্যা করা হয়–“তোমরা ঘরে অবস্থান করো”–এর প্রেক্ষাপট ছিল নির্দিষ্ট, নবী (স)-এর স্ত্রীদের জন্য সম্মানের কারণে একটি পরামর্শ। আরবি শব্দ “ওয়াকরনা” অর্থ “গাম্ভীর্য ও মর্যাদায় থাকা”–শব্দগতভাবে ঘরবন্দিত্ব নয়। দুঃখজনকভাবে, সমাজ এই শব্দকে ব্যবহার করেছে নারীর স্বাধীনতা সীমাবদ্ধ করার অস্ত্র হিসেবে। ইসলাম নারীর জন্য দিয়েছেন– শিক্ষা নেওয়ার অধিকার, সম্পত্তির মালিকানা আয়ের অধিকার, ব্যবসা-বাণিজ্য ও চাকরি করার সুযোগ, চলাফেরার স্বাধীনতা, বিবাহে মতামত দেওয়ার অধিকার, এগুলো কি ঘরবন্দি ধর্মের চিত্র? বরং ইসলাম নারীর নিরাপত্তা, মর্যাদা ও অধিকার রক্ষার ধর্ম। সমস্যা ইসলাম নয়–সমস্যা আমাদের সামাজিক মানসিকতা, যেটি ধর্মের নাম ব্যবহার করে নারীকে নিয়ন্ত্রণ করতে চায়। একদিকে পুরুষদের সীমাহীন স্বাধীনতা দেওয়া হয়, অন্যদিকে নারীর ওপর আরোপ করা হয় ধর্মীয় বিধিনিষেধের ভুল ব্যাখ্যা। সমাজ বদলাবে তখনই, যখন আমরা ধর্মকে নিজের সুবিধামতো নয়–সঠিক জ্ঞান দিয়ে বুঝতে শিখব। ইসলাম কখনো নারীকে ঘরবন্দি করেনি; করেছে সম্মানিত।

## গাংনীতে শিক্ষাব্যবস্থা উন্নয়নে

(প্রথম পৃষ্টার পর)

করা উচিত। ভারত থেকে বই-পুস্তক নেওয়ার পরিবর্তে আমেরিকা ও অন্যান্য উন্নত দেশ থেকে শিক্ষা উপকরণ আমদানি করা প্রয়োজন। এতে বাংলাদেশের জীবন ব্যবস্থা ও শিক্ষাব্যবস্থা উন্নত দেশের সাথে সঙ্গতিপূর্ণ হবে। তিনি আরও বলেন, বিভিন্ন দেশে বিচার ও শিক্ষাব্যবস্থা আলাদা, বাংলাদেশেও তা সম্ভব। সংসদ সদস্য নির্বাচিত হলে শিক্ষকদের সমস্যা ও সম্ভাবনা নিয়ে কাজ করবেন, যাতে তারা মর্যাদাপূর্ণ পরিবেশে শিক্ষা দিতে পারেন। সভায় বিএনপি চেয়ারপার্সনের বর্ণাঢ্য জীবন নিয়ে আলোচনা করা হয় এবং তার সুস্থতা কামনায় দোয়া করা হয়। গাংনী উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি সহকারী অধ্যাপক বেদারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক সাধারণ সম্পাদক মোঃ আসাদুজ্জামান বাবলু, সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী ও অন্যান্য শিক্ষকরা। অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রভাষক আবু সায়েম পল্টু।

## মেহেরপুরে তাতাশা হজ্ব কাফেলার

(প্রথম পৃষ্টার পর)

বক্তব্য রাখেন আশরাফ, মনিরুল ইসলাম, আওলাদ, সামিউল, আনারুল ইসলাম, মতিউর রহমান, সিরাজুল ইসলাম, ইমদাদুল হক, মজিবার রমজান ও আবুল হাশেমসহ উপস্থিত অন্যান্য সম্মানিত হাজ্বীবৃন্দ। বক্তারা হজ্ব ও ওমরাহ পালনে ভ্রমণ ব্যবস্থাপনা, যাত্রাপূর্ব প্রস্তুতি, সৌদি আরবে অবস্থান, স্বাস্থ্যসেবা, নিরাপত্তা এবং কাফেলার সার্বিক সহযোগিতা নিয়ে বিভিন্ন মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। হাজ্বীবৃন্দ তাঁদের ধর্মীয় যাত্রা আরও সুন্দর ও নির্বিঘ্ন করার লক্ষ্যে আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতে সেবা আরও উন্নত করার ওপর গুরুত্ব আরোপ করেন। আলোচনা শেষে দোয়া-মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

## চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের

(প্রথম পৃষ্টার পর)

আসে। বিজিবি মহেশপুর ৫৮ ব্যাটালিয়ানের অধিনায়ক লে. কর্নেল রফিকুল আলম জানান, প্রাথমিকভাবে জানা গেছে তারা মাদক আনতে গিয়েছিল। শহিদুলের মরদেহ ফেরত চেয়ে বিএসএফের সঙ্গে যোগাযোগ চলছে।

## মুজিবনগরে বিজিবি'র সচেতনতামূলক

(প্রথম পৃষ্টার পর)

বক্তব্য রাখেন বিজিবি'র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর উপ-অধিনায়ক মেজর মাসুদ হায়দার, সহকারি পরিচালক (এডি) হায়দার আলী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কমান্ড্যান্ট মো. কামরুজ্জামান, মুজিবনগর উপজেলা আনসার-ভিডিপি কমান্ড্যান্ট জেসমিন সুলতানা প্রমুখ । এ সভায় মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী সোনাপুর ও মাঝপাড়া গ্রামের বাসিন্দারা উপস্থিত ছিলেন।

## দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার

(প্রথম পৃষ্টার পর)

পরিষদের সভাপতি মোহাম্মদ নাজমুল হক লিটন, সাংবাদিক ডিএম মকিদসহ জেলার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সিনিয়র সাংবাদিকরা উপস্থিত ছিলেন। বক্তারা সাংবাদিকতা শুধুমাত্র পেশা নয়, এটি একটি মহান দায়িত্ব উল্লেখ করে পত্রিকার সততা ও নিষ্ঠার প্রশংসা করেন। অনুষ্ঠানে কেক কাটার পর অতিথিদের সঙ্গে স্মৃতিচারণ ও মতবিনিময় করা হয় এবং শেষে মেহেরপুর প্রতিনিধি এস এ খান শিল্টু ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান সমাপ্ত ঘোষণা করেন।

## দৌলতপুর সীমান্তে যুবককে পায়ের

(প্রথম পৃষ্টার পর)

এ ঘটনায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, জনি মাদক চোরাচালানের সঙ্গে জড়িত ছিলেন এবং এ হত্যাকাণ্ড সম্ভবত মাদক-সংক্রান্ত বিরোধের জের ধরে সংঘটিত হয়েছে। প্রাগপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশরাফুজ্জামান মুকুল জানান, বিষয়টি সম্পর্কে তিনি অবহিত হয়েছেন এবং অভিযোগ পাওয়া মাত্রই স্থানীয়দের সঙ্গে কথা বলে তথ্য সংগ্রহ করেছেন। তিনি বলেন, “এ ধরনের নৃশংস ঘটনা আমাদের এলাকার জন্য বিব্রতকর, দ্রুত সত্যতা উদঘাটন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রয়োজন।” দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। বর্তমানে তিনি কুষ্টিয়া সদর হাসপাতালে একটি গুরুত্বপূর্ণ মিটিংয়ে থাকায় বিস্তারিত তদন্ত শেষে পরবর্তী তথ্য জানানো হবে। নিহতের পরিবার সূত্রে জানা গেছে, জনি ইসলাম স্থানীয়ভাবে মাদক চোরাচালানের সঙ্গে জড়িত ছিলেন বলে সমালোচনা ছিল। তার আকস্মিক মৃত্যুতে পরিবার শোকাহত এবং এলাকায় আতঙ্কের ছায়া নেমে এসেছে।

## সেন্টমার্টিনে রাত্রি যাপনের সুযোগ, মানতে হবে ১২টি নির্দেশনা

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ প্রতীক্ষার পর আগামী ১ ডিসেম্বর থেকে কক্সবাজার-সেন্টমার্টিন রুটে পর্যটকবাহী জাহাজ চলাচল শুরু হচ্ছে। এবার থাকছে দ্বীপে রাত্রিযাপনের সুবিধা। তবে দৈনিক দুই হাজারের বেশি পর্যটক দ্বীপে যেতে পারবেন না এবং সবাইকে মানতে হবে সরকারি ১২টি নির্দেশনা। কক্সবাজার শহরের নুনিয়ারছড়া জেটিঘাট থেকে সকাল সাতটায় জাহাজ ছেড়ে যাবে। পরের দিন বেলা তিনটায় সেন্টমার্টিন থেকে একই জাহাজ কক্সবাজারে ফিরে আসবে। এই ব্যবস্থা আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত কার্যকর থাকবে। কক্সবাজারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. শাহিদুল আলম জানিয়েছেন, এমভি কর্ণফুলি এক্সপ্রেস, এমভি বারো আউলিয়া, কেয়ারি সিন্দাবাদ ও কেয়ারি ক্রুজ অ্যান্ড ডাইন নামের চারটি জাহাজকে জেলা প্রশাসনের অনুমোদন দেওয়া হয়েছে। তিনি বলেন, সেন্টমার্টিনের জীববৈচিত্র্য রক্ষায় সরকারি ১২টি নির্দেশনা কঠোরভাবে বাস্তবায়ন করা হবে। এছাড়া নিরাপত্তার কারণে এবার কক্সবাজার শহরের নুনিয়ারছড়া থেকে জাহাজ চলাচল করবে। পর্যটকবাহী জাহাজ মালিকদের সংগঠন সি ক্রুজ অপারেটর ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের সাধারণ সম্পাদক হোসাইন ইসলাম বাহাদুর জানান, নভেম্বর মাসে রাত্রিযাপনের সুযোগ না থাকায় পর্যটক আগ্রহ দেখাননি। তবে ডিসেম্বর ও জানুয়ারি মাসে রাতের অবস্থানের সুবিধা থাকায় পর্যটক আগ্রহ প্রকাশ করছেন। পরিবেশ অধিদপ্তরের কক্সবাজার জেলা কার্যালয়ের পরিচালক মো. জমির উদ্দিন বলেন, পর্যটক পারাপারে জাহাজগুলোকে কঠোর নজরদারিতে রাখা হবে। দুই হাজারের বেশি পর্যটক একদিনে দ্বীপে প্রবেশ করতে পারবেন না। নুনিয়ারছড়া জেটিঘাট ও সেন্টমার্টিন জেটিঘাটে পৃথক তল্লাশির ব্যবস্থা করা হয়েছে। নতুন এই নির্দেশনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের নাজুক পরিবেশ ও অনন্য জীববৈচিত্র্য সংরক্ষিত থাকবে এবং দ্বীপটি দায়িত্বশীল ও পরিবেশবান্ধব পর্যটনের উৎকৃষ্ট উদাহরণ হিসেবে গড়ে উঠবে বলে আশা করছে সরকার।

## চীন হারাতে পারলেই এশিয়া কাপের মূল পর্বে বাংলাদেশের যুবারা

সূর্যোদয় প্রতিবেদন


এএফসি অনূর্ধ্ব-১৭ এশিয়া কাপের মূল পর্বে পৌঁছানোর জন্য বাংলাদেশের সামনে এখন একমাত্র বাধা চীন। টুর্নামেন্টের নিয়ম অনুযায়ী বাছাইপর্বের চারটি গ্রুপের চ্যাম্পিয়নরা আগামী বছর সৌদি আরবে অনুষ্ঠিত মূল পর্বে খেলার সুযোগ পাবে। ‘এ’ গ্রুপে বাংলাদেশ ও চীনের সমান ১২ পয়েন্ট রয়েছে। তবে গোল ব্যবধানে এগিয়ে থাকায় চীন গ্রুপের শীর্ষে রয়েছে। চীনের চংকিনে চলমান ২০২৬ সালের এএফসি অনূর্ধ্ব-১৭ বাছাইপর্বে শুরু থেকেই দুর্দান্ত পারফরম্যান্স দেখাচ্ছে বাংলাদেশের তরুণ দল। গ্রুপের শক্তিশালী প্রতিপক্ষ বাহরাইনকে ২-১ গোলে হারিয়েছে গোলাম রাব্বানী ছোটনের নেতৃত্বে খেলোয়াড়রা। বাংলাদেশ তাদের চার ম্যাচে তিমুর লেস্তে, শ্রীলঙ্কা, ব্রুনাই এবং বাহরাইনের বিপক্ষে মোট ২০ গোল করেছে। অন্যদিকে চীন চার ম্যাচে প্রতিপক্ষের জালে ৩৮ গোল তুলেছে। গ্রুপের শেষ ম্যাচে রোববার বাংলাদেশ চীনের মুখোমুখি হবে। বাংলাদেশ যদি চীনকে হারাতে পারে, তবে তারা এশিয়া কাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করবে। ম্যাচটি এখন অগণিত ‘ফাইনাল’ হিসেবে দেখা হচ্ছে। ড্র হলে গোল ব্যবধানের কারণে চীন মূল পর্বে যাবে। ১৯৮৫ সাল থেকে নিয়মিত অনুষ্ঠিত এই টুর্নামেন্টে বাংলাদেশের অনূর্ধ্ব-১৭ দল সবমিলিয়ে ছয়বার মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে। তবে সর্বশেষ মূল পর্বে খেলার সুযোগ পেয়েছিল বাংলাদেশ ২০০৬ সালে, অর্থাৎ ১৯ বছর আগে।



## শ্রীলঙ্কায় ভয়াবহ বন্যায় ১২৩ জনের মৃত্যু, নিখোঁজ ১৩০

সূর্যোদয় প্রতিবেদন

ঘূর্ণিঝড় দিতওয়া-এর প্রভাবে টানা প্রবল বর্ষণে শ্রীলঙ্কায় ভয়াবহ বন্যা দেখা দিয়েছে। দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র (ডিএমসি) জানিয়েছে, এ পর্যন্ত অন্তত ১২৩ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ রয়েছেন আরও ১৩০ জন। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে মধ্যাঞ্চল, যেখানে কয়েক দিনের ধারাবাহিক ভূমিধসে ব্যাপক প্রাণহানি ঘটেছে। ডিএমসির মহাপরিচালক সাম্পাথ কোটুওয়েগোদা জানান, সপ্তাহজুড়ে টানা ভারী বর্ষণের কারণে বহু এলাকা প্লাবিত হয়েছে এবং ঘরবাড়ি ধ্বংস হওয়ায় প্রায় ৪৪ হাজার মানুষকে রাষ্ট্রীয় আশ্রয়কেন্দ্রে সরিয়ে নেওয়া হয়েছে। উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী একযোগে কাজ করছে। হেলিকপ্টার ও নৌকা ব্যবহার করে দুর্গত অঞ্চলে অসংখ্য উদ্ধার অভিযান চালানো হয়েছে। দেশটির বিভিন্ন স্থানে ২৪ ঘণ্টায় ৩৬০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি রেকর্ড করা হয়েছে। কলম্বোর উপকণ্ঠে ভারত মহাসাগরে মিশে যাওয়া কেলানি নদীর পানি বিপজ্জনক হারে বৃদ্ধি পেয়ে বহু বসতবাড়ি ও বাজার এলাকা তলিয়ে গেছে। ডিএমসি জানিয়েছে, শুধু মধ্যাঞ্চলেই নতুন করে মৃতদেহ উদ্ধার হওয়ায় নিহতের সংখ্যা বেড়েছে। বেশিরভাগ মৃত্যু ভূমিধসে ঘরবাড়ি ধসে পড়ার কারণে হয়েছে। কাদা ও বন্যার জল মিলিয়ে অন্তত তিন হাজার বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। অস্থায়ী আশ্রয় নিয়েছেন ১৮ হাজারেরও বেশি মানুষ। বন্যার প্রভাবে কলম্বো আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম ব্যাহত হয়েছে। কিছু এলাকায় রেললাইনের পাশে পানি উঠে যাওয়ায় শনিবার সকাল থেকে মেইন লাইনের একাধিক ট্রেন চলাচল স্থগিত রাখা হয়েছে। গত কয়েক বছরে জলবায়ুজনিত কারণে শ্রীলঙ্কায় ঘনঘন প্রাকৃতিক দুর্যোগ দেখা দিচ্ছে। ২০২৪ সালের জুনে ভারী বর্ষণে দেশটিতে ২৬ জনের মৃত্যু হয়েছিল। একই বছরের ডিসেম্বরে বন্যা ও ভূমিধসে প্রাণ হারান আরও ১৭ জন। এদিকে, ঘূর্ণিঝড় দিতওয়া শনিবার শ্রীলঙ্কা ছেড়ে ভারতের দিকে অগ্রসর হয়েছে। তবে দ্বীপজুড়ে বৃষ্টি ও দুর্যোগ পরিস্থিতি এখনও চলমান, ফলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছে কর্তৃপক্ষ।



## অটোপেনে স্বাক্ষরিত বাইডেনের নির্বাহী আদেশ বাতিলের ঘোষণা দিলেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিয়েছেন, তিনি জো বাইডেনের অধীনে জারি করা সমস্ত নির্বাহী আদেশ বাতিল করছেন, যা অটোপেন ব্যবহার করে স্বাক্ষরিত হয়েছে বলে তিনি মনে করেন। শুক্রবার (২৮ নভেম্বর) এক সোশ্যাল মিডিয়া পোস্টে ট্রাম্প এ ঘোষণা দেন। শনিবার (২৯ নভেম্বর) আল জাজিরার প্রতিবেদনে এ খবর প্রকাশিত হয়েছে। ট্রাম্পের দাবি, বাইডেনের বেশিরভাগ নির্বাহী আদেশ অটোপেন মেশিন ব্যবহার করে কার্যকর করা হয়েছে, যা স্বয়ংক্রিয়ভাবে কারও স্বাক্ষর অনুকরণ করতে সক্ষম। ট্রাম্প লিখেছেন, “ঘুমকাতুরে জো বাইডেনের অটোপেন দিয়ে স্বাক্ষরিত যেকোনো নথি বাতিল করা হচ্ছে। এগুলোর আর কোনো কার্যকারিতা বা প্রভাব থাকবে না।” ৭৯ বছর বয়সী ট্রাম্পের যুক্তি, বাইডেন জানুয়ারি মাসে দায়িত্ব গ্রহণের সময় ৮২ বছরের বয়সে মানসিক ও শারীরিকভাবে সক্ষম ছিলেন না। তার মতে, এই কারণে বাইডেন নির্বাহী অফিসের কার্যক্রমের পূর্ণ নিয়ন্ত্রণে ছিলেন না। ট্রাম্প আরও জানান, সমস্ত নির্বাহী আদেশ বাতিলের পাশাপাশি যে কোনো আদেশ যা সরাসরি বাইডেন স্বাক্ষর করেননি–যদি অটোপেনের মাধ্যমে কার্যকর করা হয়ে থাকে–ও বৈধ নয়। হোয়াইট হাউসে বহু বছর ধরে অটোপেন ও স্বাক্ষর অনুকরণকারী যন্ত্র ব্যবহার হয়ে আসছে। এমনকি ১৯ শতকের শুরুতে তৃতীয় মার্কিন প্রেসিডেন্ট থমাস জেফারসনও এ ধরনের প্রযুক্তি ব্যবহার করেছিলেন। ট্রাম্প নিজেও বিশেষ করে তার প্রথম মেয়াদে এই যন্ত্র ব্যবহার করেছেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ট্রাম্পের বাইডেন ও সাবেক প্রেসিডেন্ট ওবামাসহ ডেমোক্র্যাটিক নেতাদের সঙ্গে বিরূপ সম্পর্ক রয়েছে। বিশেষ করে বাইডেনের বয়স ও ক্ষমতায় থাকা অবস্থায় অটোপেন ব্যবহারের বিষয়টি ট্রাম্প বারবার নিয়ে ট্রোলিং করেছেন। চলতি বছরের শুরুতে হোয়াইট হাউসের রোজ গার্ডেনে ‘প্রেসিডেনশিয়াল ওয়াক অব ফেম’ স্থাপনের সময় তিনি বাইডেনের প্রতিকৃতি সরিয়ে সেই স্থানে অটোপেনের ছবি রাখেন। ট্রাম্পের এই ঘোষণায় যুক্তরাষ্ট্রের রাজনৈতিক মহলে নতুন বিতর্কের সূচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

## যেকোনো আগ্রাসনের জবাব দিতে প্রস্তুত ইরান

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের নৌবাহিনী যেকোনো ধরনের আগ্রাসন ও হুমকির জবাব দিতে সম্পূর্ণ প্রস্তুত–এমন দৃঢ় ঘোষণা দিয়েছেন দেশটির সশস্ত্র বাহিনীর প্রধান মেজর জেনারেল সাইয়্যেদ আব্দুর রহিম মুসাভি। নৌবাহিনী দিবস উপলক্ষে দেওয়া এক বার্তায় তিনি বলেন, ইরানের নৌবাহিনী এখন কৌশলগত সক্ষমতা, অভিজ্ঞতা ও জিহাদি মনোভাবের সমন্বয়ে সম্ভাব্য সব চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম। জেনারেল মুসাভি জানান, ইরানের নৌবাহিনী অতীতের বিভিন্ন ঘটনায় নিজেদের দক্ষতা ও প্রতিরোধ ক্ষমতার প্রমাণ দিয়েছে। তিনি বলেন, “নিজস্ব সামর্থ্য এবং কার্যকর উদ্যোগের ভিত্তিতে নৌবাহিনী যেকোনো আগ্রাসনের বিরুদ্ধে কঠোর, কার্যকর এবং অনুতাপজনক জবাব দিতে সক্ষম–এটা তারা আবারও দেখিয়েছে।” তিনি পারস্য উপসাগর, ওমান সাগর এবং ইরানের আঞ্চলিক জলসীমায় টেকসই নিরাপত্তা প্রতিষ্ঠায় নৌবাহিনীর অগ্রগতির কথাও তুলে ধরেন। তার মতে, সেনাবাহিনীর নৌ ইউনিট ও ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীআইআরজিসির নৌ শাখার মধ্যে সমন্বয় ও সহযোগিতামূলক সম্পর্ক এই সক্ষমতা বৃদ্ধির মূল চালিকাশক্তি। জেনারেল মুসাভি বলেন, “আল্লাহর রহমতে এই কৌশলগত ও সহযোগিতামূলক দৃষ্টিভঙ্গি এখন যেকোনো হুমকির বিরুদ্ধে বুদ্ধিদীপ্ত প্রতিরোধের এক অনন্য মডেলে পরিণত হয়েছে।” নৌবাহিনী দিবসকে কেন্দ্র করে ইরানের শীর্ষ সামরিক নেতার এ ঘোষণা সাম্প্রতিক আঞ্চলিক উত্তেজনার প্রেক্ষাপটে বিশেষ গুরুত্ব পেয়েছে।